

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
শিবগঞ্জ জোনাল অফিস
কাজিপাড়া, শিবগঞ্জ।

স্মারক নং-২৭.১২.৭০৮৮.৫৪৬.৫১.০১২.২০২৩. ৬২০

তারিখ:-১১.১০.২০২৩ খ্রিঃ

অগ্নিনির্বাপক যন্ত্র পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ ও মহড়ার কার্যবিবরণী।

অদ্য ১১.১০.২০২৩খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় অত্র পবিসের শিবগঞ্জ জোনাল অফিস, সোনা মসজিদ এরিয়া অফিস এবং চৌডালা ও ধাইনগর অভিযোগ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রতিনিধিদের উপস্থিতিতে অগ্নিনির্বাপক যন্ত্র প্রশিক্ষণ ও মহড়ার আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ২০জন প্রতিনিধি এবং দুইটি গাড়ীসহ (১ম কল-চাঁপাইনবাবগঞ্জ, ২য় কল-শিবগঞ্জ) অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ ও মহড়ার কার্যবিবরণী নিম্নরূপঃ-

০১। প্রথমে অত্র জোনাল অফিসের ডিজিএম মহোদয় এর অনুমতিক্রমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রতিনিধিরা আগুন কি, কিভাবে আগুনের উৎপত্তি হয়, আগুনের প্রকারভেদ এবং আগুন নিভানোর বিভিন্ন পদ্ধতি সম্পর্কে বক্তব্য প্রদান করেন।

০২। ভূমিকম্প হয়ে গেলে বিধবস্ত ভবন থেকে কিভাবে আহত মানুষকে উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করা হয় তার বিভিন্ন পদ্ধতি দেখানো হয়।


০৩। তরল পর্দাখের আগুন নিভানোর পদ্ধতি হিসাবে ভেজা বস্তা ব্যবহার করে কিভাবে আগুন নেভানো যায় তা দেখানো হয়। জ্বলন্ত আগুনে ভেজা বস্তা নিক্ষেপ করে আগুন নেভানোর কৌশল প্রদর্শন করা হয়।

০৪। রাস্তাঘাটে যানবাহনে দুর্ঘটনা কবলিত আহতদের কিভাবে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে (যেমন-হাইড্রোলিক পাওয়ার কাটার) উদ্ধার করা হয় তার কর্মপদ্ধতি দেখানো হয়।

০৫। অগ্নিনির্বাপক যন্ত্র ব্যবহার করে গ্যাস নির্গত করে কিভাবে জ্বলন্ত আগুন নিভানো যায় তার কৌশল প্রদর্শন করা হয়। বাস্তব নমুনা হিসাবে একটি অগ্নিনির্বাপক যন্ত্র হতে গ্যাস নির্গত করে জ্বলন্ত আগুন নিভানোর কৌশল দেখানো হয়।

০৬। তরল পর্দাখের আগুনে পানি দিলে আগুনের পরিমাণ বৃদ্ধি পায়। তার একটি বাস্তব নমুনা দেখানো হয়।

পরিশেষেঃ- শিবগঞ্জ জোনাল অফিসের ডিজিএম মহোদয় মহড়া ও প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরে অনুষ্ঠানটি সমাপ্ত ঘোষণা করেন।



(প্রকৌ. মোঃ গোলাম সারোয়ার মোর্শেদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ


০১। জেনারেল ম্যানেজার(চঃদাঃ), চাঁপাইনবাবগঞ্জ পবিস-(সদয় অবগতির জন্য)।

০২। এজিএম(ওএসএম), শিবগঞ্জ জোনাল অফিস।

০৩। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার/এইসি, শিবগঞ্জ জোনাল অফিস।

০৪। ইনচার্জ(এরিয়া অফিস/অভিযোগ কেন্দ্র), শিবগঞ্জ জোনাল অফিস।

০৫। অফিস/মাষ্টার কপি।



(প্রকৌ. মোঃ গোলাম সারোয়ার মোর্শেদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার